রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৩ সনের ৩ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জানুয়ারি ১৭, ২০১৩

## সূচীপত্র



| | পৃষ্ঠা নং | | পৃষ্ঠা নং |
|---|---|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৩৩—৪৭ | ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| | | ৮ম খণ্ড—বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ১—২ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৭১—১১৪ | ক্রোড়পত্র—সংখ্যা | |
| | | (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| | | (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১—২০ | (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই | (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই | (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৪৯—১০২ | (৬) ...............ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |



## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

### অর্থ মন্ত্রণালয়
### ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
### পরিচালনা পর্ষদ ও সমন্বয় অধিশাখা

**প্রজ্ঞাপন**

তারিখ, ২ জুলাই ২০১২

**নং ৫৩.০০১.০১১.০০.০০.০০৭.২০০৮-২৫৬**—বাংলাদেশ কৃষি ব্যাংক (দ্বিতীয় সংশোধনী) অর্ডার, ১৯৮৩ এর ৭ ও ৮(২) ধারার বিধান অনুযায়ী বাংলাদেশ কৃষি ব্যাংকের পরিচালনা পর্ষদে জনাব মোঃ হুমায়ুন খালিদ এর পরিবর্তে জনাব মোঃ আব্দুল জলিল মিঞা, মহাপরিচালক, বিআরডিবি-কে পরিচালক হিসেবে ৩ (তিন) বছরের জন্য নিয়োগ দেয়া হলো।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ রিজওয়ানুল হুদা**
উপ-সচিব।

### আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
### আইন ও বিচার বিভাগ
### বিচার শাখা-৬

**আদেশ**

তারিখ, ১৮ এপ্রিল ২০১২

**নং আর-৬/৪ডি-০৮/২০১১/২৮৫**—যেহেতু জনাব মোঃ আব্দুস সালাম, সাব-রেজিস্ট্রার, সদর, বলিশাল-এর বিরুদ্ধে ১৯৮৫ সনের সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালার ৩(বি) ও ৩(ডি) বিধি মোতাবেক যথাক্রমে অসদাচরণ ও দুর্নীতির অভিযোগ আনয়ন পূর্বক ০৮/২০১১ নং বিভাগীয় মামলা রুজু করতঃ কেন তাকে “চাকুরী হতে বরখাস্ত (Dismissal from Service)” করা হবে না সে মর্মে কারণ দর্শানোর নোটিশ জারী করা হয়; এবং

যেহেতু, জনাব মোঃ আব্দুস সালাম, সাব-রেজিস্ট্রার, সদর, বরিশাল, উক্ত কারণ দর্শানোর নোটিশের জবাবে প্রস্তাবিত শাস্তি প্রদানের বিপক্ষে গ্রহণযোগ্য কোন যুক্তি প্রদর্শন করতে পারেননি; এবং

আবদুর রশিদ (উপ-সচিব), উপ-পরিচালক, অতিরিক্ত দায়িত্ব, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd

যেহেতু তদন্তকারী কর্মকর্তা জনাব মোঃ আব্দুস সালাম, সাব-রেজিস্ট্রার, সদর, বরিশাল, এর বিরুদ্ধে অসদাচরণ ও দুর্নীতির অভিযোগ সুস্পষ্টভাবে প্রমাণিত হয়েছে মর্মে উল্লেখপূর্বক তদন্ত প্রতিবেদন দাখিল করেন; এবং

যেহেতু, তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা ক্রমে কর্তৃপক্ষ কর্তৃক জনাব মোঃ আব্দুস সালাম, সাব-রেজিস্ট্রার, সদর, বরিশালকে অভিযোগের ভিত্তিতে দোষী সাব্যস্ত করে তাকে কেন "চাকুরী হতে বরখাস্ত (Dismissal from Service)" করা হবে না তদমর্মে ২য় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ দর্শানোর নোটিশের প্রতিউত্তরে প্রস্তাবিত শাস্তির বিরুদ্ধে সন্তোষজনক জবাব প্রদান করেনি; এবং

যেহেতু, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগ কর্তৃক "চাকুরী হতে বরখাস্ত (Dismissal from Service)" এর গুরুদণ্ড আরোপের প্রস্তাবের প্রেক্ষিতে বাংলাদেশ সরকারি কর্ম কমিশন জনাব মোঃ আব্দুস সালাম, সাব-রেজিস্ট্রার, সদর, বরিশালকে "চাকুরী হতে বরখাস্ত (Dismissal from Service)" করণের প্রস্তাবের সাথে একমত পোষণ করেন;

সেহেতু, এক্ষণে জনাব মোঃ আব্দুস সালাম, সাব-রেজিস্ট্রার, সদর, বরিশালকে ১৯৮৫ সনের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল), বিধিমালার ৪(৩)(ডি) বিধি মোতাবেক "চাকুরী হতে বরখাস্ত (Dismissal from Service)" করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আশীষ রঞ্জন দাস**
সচিব (দায়িত্বপ্রাপ্ত)।

---

**বিচার শাখা-৭**

**আদেশ**

তারিখ, ২৬ জুলাই ২০১২

**নং বিচার-৭/২ এন-২৭/২০১২-৫৭১**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সালের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব মোঃ দ্বীন ইসলাম, পিতা হাজী মোঃ মীর আলী, গ্রাম বুড়ির পাড়া (ইসলাম মঞ্জিল), পোঃ জি-রাবো ইয়ারপুর, থানা আশুলিয়া, জেলা ঢাকা) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ঢাকা জেলার সাভার উপজেলাধীন আশুলিয়া থানার ৪নং ইয়ারপুর ইউনিয়ন এলাকায় বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হইল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারীর ব্যক্তির বয়স ৬৫ বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারীর ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**মোঃ মাহমুদুল করিম**
সিনিয়র সহকারী সচিব।

**কৃষি মন্ত্রণালয়**

**সম্প্রসারণ-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১২ জুলাই ২০১২

**নং ১২.০৫২.০২৭.০০.০০.০৫৬.২০১১-১১৩৭**—কৃষি সম্প্রসারণ অধিদপ্তর অংশের কর্মকর্তা জনাব মোঃ সিদ্দিকুর রহমান ভূইয়া, প্রাক্তন বিষয়বস্তু কর্মকর্তা, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সরিষাবাড়ি, জামালপুর-এর বিরুদ্ধে ফৌজদারী মামলা থাকায় মন্ত্রণালয়ের ৯-২-১৯৯৮ তারিখের কৃম/শা-১/সঃ-৬/৯৮-৯৩ সংখ্যক প্রজ্ঞাপন মারফত সাময়িক বরখাস্তের আদেশ মন্ত্রণালয়ের ৫-৪-২০১২ তারিখের ১২.০৫২.০২৭.০০.০০.০৫৬.২০১১-৬৪০ সংখ্যক প্রজ্ঞাপন মারফত প্রত্যাহার হওয়ায় তাঁর পিআরএল মঞ্জুর, পেনশন পেপার দাখিল ও অন্যান্য আর্থিক সুবিধা প্রাপ্তির লক্ষ্যে তাঁর সাময়িক বরখাস্তকালীন সময়ে অর্থাৎ ১০-২-১৯৯৮ হতে ২৮-২-১৯৯৮ তারিখ পর্যন্ত মোট ১৯ (উনিশ) দিন অনুপস্থিতিকালীন সময়কে বিনা বেতনে অসাধারণ ছুটি হিসেবে ভুতাপেক্ষভাবে মঞ্জুর করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সারোয়ার মুর্শেদ চৌধুরী**
সিনিয়র সহকারী সচিব।

---

**তথ্য মন্ত্রণালয়**
**টিভি-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৬ শ্রাবণ ১৪১৯/৩১ জুলাই ২০১২

**নং তম/টিভি-২/১ডি-৪/২০১২/৫২৮**—বেসরকারী মালিকানায় স্যাটেলাইট টেলিভিশন চ্যানেল স্থাপন ও সম্প্রচার, বিদেশী স্যাটেলাই টেলিভিশন চ্যানেল বাংলাদেশে ডাউনলিংক ও সম্প্রচার, বিদেশী স্যাটেলাইট টেলিভিশন চ্যানেলের ডিস্ট্রিবিউটরশীপ এবং বেসরকারী স্যাটেলাইট টেলিভিশন চ্যানেল ও বিদেশী স্যাটেলাইট টেলিভিশন চ্যানেলের বিদেশে রেমিট্যান্স প্রেরণ, সিনেমা হলে প্রদর্শিত বিদেশী চলচ্চিত্রের রেমিট্যান্স প্রেরণ, সংবাদপত্রে ইন্টারনেট/অনলাইন সংস্করণের জন্য সার্ভার ও ব্যান্ডউইথ ভাড়া বাবদ রেমিট্যান্স প্রেরণ এবং ডিটিএইচ (ডাইরেক্ট টু হোম) পদ্ধতিতে স্যাটেলাইট টিভি চ্যানেল সম্প্রচারের অনাপত্তির বিষয়ে সুপারিশ প্রদানের জন্য সরকার নিম্নরূপ কমিটি গঠন করলেন :

**আহ্বায়ক**

(১) অতিরিক্ত সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**সদস্যবৃন্দ**

(২) অতিরিক্ত সচিব (প্রশাসন ও প্রেস) যুগ্ম-সচিব (প্রশাসন ও প্রেস), তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(৩) প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদপ্তর, ঢাকা

(৪) যুগ্ম-সচিব (উন্নয়ন), তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(৫) যুগ্ম-সচিব (সম্প্রচার), তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(৬) মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা

(৭) বিটিআরসির প্রতিনিধি

(৮) জাতীয় রাজস্ব বোর্ডের প্রতিনিধি

(৯) বাংলাদেশ ব্যাংকের প্রতিনিধি

**সদস্য-সচিব**

(১০) যুগ্ম-সচিব (টিভি/উপ-সচিব (টিভি), তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। **কমিটির কার্যপরিধি :**

(ক) বেসরকারী মালিকানায় স্যাটেলাইট টেলিভিশন চ্যানেল স্থাপন ও পরিচালনা সংক্রান্ত বিধি-বিধান ও নীতিমালার আলোকে বেসরকারী মালিকানায় স্যাটেলাইট টেলিভিশন চ্যানেল স্থাপনের সুপারিশ প্রদান;

(খ) বিদেশী স্যাটেলাইট টেলিভিশন চ্যানেল (পে-চ্যানেল) ডাউনলিংকের মাধ্যমে সম্প্রচারের বিষয়ে সুপারিশ প্রদান;

(গ) বিদেশী স্যাটেলাইট টেলিভিশন চ্যানেল ডিস্ট্রিবিউটরশীপ পাওয়ার জন্য প্রয়োজনীয় কাগজপত্র পর্যালোচনাপূর্বক সুপারিশ প্রদান;

(ঘ) ডিটিএইচ (ডাইরেক্ট টু হোম) পদ্ধতিতে স্যাটেলাইট টিভি চ্যানেল সম্প্রচারের অনাপত্তির বিষয়ে সুপারিশ প্রদান;

(ঙ) বেসরকারি স্যাটেলাইট টেলিভিশন চ্যানেল হতে রেমিট্যান্স প্রেরণের প্রয়োজনীয় কাগজপত্র পর্যালোচনা ও সুপারিশ প্রদান;

(চ) বিদেশী স্যাটেলাইট টেলিভিশন চ্যানেল ডিস্ট্রিবিউটর কর্তৃক রেমিট্যান্স প্রেরনের প্রয়োজনীয় কাগজপত্র পর্যালোচনা করে সুপারিশ প্রদান;

(ছ) পে-চ্যানেলের মূল্য নির্ধারণ এবং ক্যাবল টিভির সংযোগ গ্রহণকারী গ্রাহকদের সংযোগ ও মাসিক ফি নির্ধারণ, চ্যানেল কর্তৃক ট্যাক্স/ভ্যাট প্রদান, চ্যানেলের দেশী-বিদেশী বিজ্ঞাপন প্রচারের বিষয়ে মনিটর ও সুপারিশ প্রদান;

(জ) যে সকল শর্তে বেসরকারি মালিকানায় স্যাটেলাইন টেলিভিশন চ্যানেলকে অনুমোদন দেয়া হয়েছে তারা সে সকল শর্ত পালন করছে কিনা তা মনিটরিং করে মতামত/সুপারিশ প্রদান এবং বেসরকারি মালিকানায় টিভি চ্যানেলসমূহ সংবাদ প্রচারে নীতিমালা যথাযথভাবে মেনে চলছে কিনা তা পর্যালোচনা ও সুপারিশ করা। বিদেশী ক্যাবল টিভি চ্যানেলসমূহ এবং সংশ্লিষ্ট ডিস্ট্রিবিউটর/অপারেটরগণ কেবল্ টিলিভিশন নেটওয়ার্ক পরিচালনা আইন-২০০৬ যথাযথভাবে অনুসরণ করছে কিনা তা মনিটরিং ও সুপারিশ প্রদান;

(ঝ) বিদেশে সংবাদ প্রেরণ/প্রচার করার ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলো আইন-কানুন প্রতিপালন করছে কিনা সে সব বিষয়ে পর্যালোচনা করে প্রয়োজনীয় সুপারিশ পেশ;

(ঞ) তথ্য মন্ত্রণালয়ের অনুমোদন ব্যতিরেকে কোন চ্যানেল সম্প্রচারিত হলে তা বন্ধকরণসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণের সুপারিশ প্রদান;

(ট) ফ্রি টু এয়ার চ্যানেল এর কার্যক্রম মনিটর করা এবং এগুলো ডাউনলিংক করার ক্ষেত্রে তথ্য মন্ত্রণালয়ের অনুমোদন বিষয়ে সুপারিশ প্রদান;

(ঠ) পর্যালোচনা কমিটি ১৫ (পনের) দিনে কমপক্ষে একবার বৈঠকে মিলিত হবে। কমিটির কার্যক্রম ও মতামত সংবলিত প্রতিবেদন সচিব মহোদয়কে ১ (এক) মাস অন্তর অবহিত করবেন;

(ড) বাংলাদেশের সিনেমা হলে প্রদর্শিত বিদেশী চলচ্চিত্রের রেমিট্যান্স প্রেরণের প্রয়োজনীয় কাগজপত্র পরীক্ষা-নিরীক্ষা করে সুপারিশ প্রদান;

(ঢ) সংবাদপত্রের ইন্টারনেট/অনলাইন সংস্করণের জন্য সার্ভার ও ব্যান্ডউইথ ভাড়া বাবদ রেমিট্যান্স প্রেরণের প্রয়োজনীয় কাগজপত্র পরীক্ষা-নিরীক্ষা করে সুপারিশ প্রদান।

৩। এ বিষয়ে গত ২৭ আগস্ট ২০০৮ তারিখের তম/টিভি-২/১ডি-১/২০০৭/৪৪৮ নং প্রজ্ঞাপন বলে গঠিত কমিটি এতদ্বারা বাতিল করা হল।

৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**হামিদা চৌধুরী**
উপ-সচিব।

---

**গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়**
**প্রশাসন-৫ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৩ আগস্ট ২০১২

**নং ২৫.০১৮.০০৫.০২.০০.০২৭.২০১১-১৫০**—যেহেতু, জনাব মোঃ আশরাফুল আলম, সাবেক নির্বাহী প্রকৌশলী, গাইবান্ধা গণপূর্ত বিভাগ, গাইবান্ধা, বর্তমানে নির্বাহী প্রকৌশলী, ঢাকা ডিভিশন-১, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, মিরপুর-২, ঢাকা এর বিরুদ্ধে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের ২৩-১১-২০১১ তারিখের ২৫.০১৮.০০৫.০২.০০.০২৭.২০১১-২৮৬ নম্বর স্মারকমূলে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) উপ-বিধি অনুযায়ী 'অসদাচরণ' ও 'দুর্নীতি'র' অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয়;

যেহেতু, জনাব মোঃ আশরাফুল আলম গত ৭-১২-২০১১ তারিখে উক্ত অভিযোগের আলোকে লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানীর আবেদন করেন এবং ১৯-৭-২০১২ তারিখে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। ব্যক্তিগত শুনানীকালে জনাব মোঃ আশরাফুল আলম তার বিরুদ্ধে আনীত অভিযোগের পরিপ্রেক্ষিতে লিখিত বক্তব্য প্রদান করেন। তিনি লিখিত বক্তব্যে উল্লেখ করেন যে, তিনি অনুমোদিত APP বহির্ভূত কোন ব্যয় করেননি। এ বিষয়ে রংপুর সার্কেলের তত্ত্বাবধায়ক প্রকৌশলী কর্তৃক অনুষ্ঠিত তদন্তে তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়নি মর্মে তিনি লিখিত বক্তব্যে উল্লেখ করেন;

যেহেতু, সরকার পক্ষের নথি উপস্থাপনকারী কর্মকর্তা জনাব নায়লা আহমেদ, নির্বাহী প্রকৌশলী (তদন্ত কোষ), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা বলেন যে, অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর বাইরে তার কোনো বক্তব্য নেই। অভিযুক্ত মোঃ আশরাফুল আলম এর শুনানীতে প্রদত্ত বক্তব্য সন্তোষজনক না হওয়ায় বিভাগীয়

মামলাটি তদন্ত করার জন্য গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের উপ-সচিব, জনাব মোঃ হেমায়েত হোসেন-কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত প্রতিবেদনে অভিযুক্ত কর্মকর্তা জনাব মোঃ আশরাফুল আলম, সাবেক নির্বাহী প্রকৌশলী, গাইবান্ধা গণপূর্ত বিভাগ, গাইবান্ধা, বর্তমানে নির্বাহী প্রকৌশলী, ঢাকা ডিভিশন-১, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, মিরপুর-২, ঢাকা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) উপ-বিধি মোতাবেক আনীত 'অসদাচরণ' (Misconduct) এবং 'দুর্নীতি' (corruption) এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি মর্মে উল্লেখ করা হয়। উক্ত অভিযোগে তিনি দোষী নন বলে তদন্তকালে প্রমাণিত হয়েছে মর্মে তদন্ত কর্মকর্তা মতামত প্রদান করেন;

যেহেতু, বিভাগীয় মামলার সংশ্লিষ্ট নথি, অভিযুক্তের জবাব ও নথি উপস্থাপনকারীর বক্তব্য, আনুষাঙ্গিক কাগজপত্র এবং তদন্তকারী কর্মকর্তার মতামত পর্যালোচনান্তে দেখা যায় যে, জনাব মোঃ আশরাফুল আলম এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) উপ-বিধি মোতাবেক আনীত 'অসদাচরণ' (Misconduct) এবং 'দুর্নীতি'র (Corruption) অভিযোগ প্রতিষ্ঠিত হয়নি;

সেহেতু, জনাব মোঃ আশরাফুল আলম, সাবেক নির্বাহী প্রকৌশলী, গাইবান্ধা গণপূর্ত বিভাগ, গাইবান্ধা, বর্তমানে নির্বাহী প্রকৌশলী, ঢাকা ডিভিশন-১, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, মিরপুর-২, ঢাকা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) উপ-বিধি মোতাবেক আনীত 'অসদাচরণ' (Misconduct) এবং 'দুর্নীতি'র (Corruption) এর অভিযোগে রুজুকৃত বিভাগীয় মামলার দায় হতে তাকে অব্যাহতি প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**ড. খোন্দকার শওকত হোসেন**
সচিব।

---

## প্রতিরক্ষা মন্ত্রণালয়

### প্রজ্ঞাপন

তারিখ, ১৪ শ্রাবণ ১৪১৯/২৯ জুলাই ২০১২

**নং প্রম/সাঃ স/বর/০৯/ডি-১৮/৪৮৫**—বাংলাদেশ সেনাবাহিনীর বিএ-৪৩১৩ লেঃ কর্ণেল কাজী মমরেজ মাহমুদ, এএসসি-কে আর্মি অ্যাক্ট সেকশন-১৬, আর্মি অ্যাক্ট (রুল্স্) ৯ এ, আর্মি রেগুলেশন্স (রুল্স্) ৭৮ (সি), ২৫৩ (এ) এবং ২৬১ ধারা অনুযায়ী বাংলাদেশ সেনাবাহিনীর চাকুরি থেকে বরখাস্ত করা হল।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবু বকর ছিদ্দিক**
উপ-সচিব।

---

## বস্ত্র ও পাট মন্ত্রণালয়
## বস্ত্র-২ অধিশাখা

### প্রজ্ঞাপন

তারিখ, ৭ শ্রাবণ ১৪১৯/২২ জুলাই ২০১২

**নং ২৪.০০.০০০০.১১৬.১১.০০১.১২-২২৬**—দি বাংলাদেশ হ্যান্ডলুম বোর্ড (সংশোধনী) অধ্যাদেশ ১৯৭৮ (অধ্যাদেশ নং (XXVI of 1978) ধারা অনুযায়ী সরকার নিম্নেবর্ণিত ব্যক্তিকে ৩ (তিন) বছরের জন্য বাংলাদেশ তাঁত বোর্ডের খন্ডকালীন সদস্য হিসেবে মনোনয়ন প্রদান করলেন :

| ক্রমিক নং | নাম ও ঠিকানা | নিয়োগের মেয়াদ |
|---|---|---|
| (১) | জনাব আসাদুজ্জামান (বীর মুক্তিযোদ্ধা), গ্রাম বল্লা নয়াবাড়ী, ডাকঘর বল্লা বাজার, উপজেলা কালিহাতী, জেলা টাঙ্গাইল। | ২২-৭-২০১২ তারিখ হতে পরবর্তী ৩ (তিন) বছরের জন্য। |

২। খন্ডকালীন সদস্যের কার্যক্রম সন্তোষজনক না হলে সরকার যুক্তিসঙ্গত কারণ প্রদর্শন সাপেক্ষে তাঁর মনোনয়ন বাতিল করতে পারবেন।

৩। এ মন্ত্রণালয়ের ৩০-৪-২০১২ তারিখের ২৪.০০.০০০০. ১১৬.১১.০০১.১২-১৪৬ নং স্মারকমূলে তাঁত বোর্ডের খন্ডকালীন সদস্য হিসাবে ইঞ্জিনিয়ার মোঃ সিরাজুল ইসলামকে নিয়োগের আদেশ এতদ্বারা বাতিল করা হলো।

৪। এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

**গোপা চৌধুরী**
যুগ্ম-সচিব।

---

## বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
## পর্যটন শাখা-১

### প্রজ্ঞাপন

তারিখ, ২২ জুলাই ২০১২

**নং ৩০.০১৫.০১৮.০০.০০.০২৪.২০০৩-৯৪০**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের প্রাক্তন অতিরিক্ত সচিব সরদার আবুল কালাম এর স্থলে এ মন্ত্রণালয়ের বর্তমান অতিরিক্ত সচিব জনাব আবু হেনা মোঃ রহমাতুল মুনিম (পরিচিতি নং ২২২৫)-কে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত বাংলাদেশ সার্ভিসেস লিমিটেড (বিএসএল)-এর পরিচালনা পর্ষদের পরিচালক পদে নিয়োগ প্রদান করিলেন।

২। এ মন্ত্রণালয়ের ২৯-৩-২০০৯ তারিখের স্মারক নং বিপম/পর্য-২/বিএসএল-১/২০০৩(অংশ)-৩০৯/১১ এতদ্বারা বাতিল করা হলো।

৩। এই আদেশ জনস্বার্থে জারী করা হইল এবং ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**মোঃ জামাল হোসাইন**
উপ-সচিব (পর্যটন)।

---

## ভূমি মন্ত্রণালয়
## শাখা-২

### ফরম-ঘ

### এল, এ কেস নং ২০/৭৩-৭৪

### সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা মোতাবেক নোটিশ

তারিখ, ১২ জুলাই ২০১২

**নং ৩১.০০.০০০০.০৪৮.৩৪.১৯০.১২-৩৬১**—যেহেতু নিম্ন বর্ণিত তফসিলে সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সনের (জরুরী) হুকুম

দখল আইন (১৯৪৯ সনের ১৩নং আইন)-এর ৩ ধারা মোতাবেক ২১-০৫-৭৪ইং তারিখের আদেশ স্টাফ কোয়ার্টার নির্মাণ প্রকল্পের জন্য হুকুম দখল করা হইয়াছে যেহেতু উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রহিয়াছে; এবং

যেহেতু উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/ সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন;

সেহেতু উক্ত আইনের ৫(৭) উপ-ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাইতেছে যে, নিম্নতফসিলে বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হইল ঃ

**তফসিল**

জেলা কক্সবাজার, উপজেলা কুতুবদিয়া, মৌজা উত্তর ধুরং

জমির নক্সা কক্সবাজার জেলা প্রশাসকের কার্যালয়ে দেখা যাইতে পারে।

| আর এস খতিয়ান | আর এস দাগ নং | জমির পরিমাণ |
|---|---|---|
| ২১৫ | ৭২২০ | ০.৯০ |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**পারভীন আক্তার**
উপ-সচিব।

---

**ফরম-ঘ**

**এল, এ কেস নং ৭৬/৬২-৬৩**

**সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা মোতাবেক নোটিশ**

তারিখ, ১২ জুলাই ২০১২

**নং ৩১.০০.০০০০.০৪৮.৩৪.১৮১.১২-৩৬২**—যেহেতু নিম্ন বর্ণিত তফসিলের সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সনের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৯ সনের ১৩নং আইন)-এর ৩ ধারা মোতাবেক ১৪-১১-৬২ইং তারিখের আদেশ বেড়ী বাঁধ নির্মাণ প্রকল্প জন্য হুকুম দখল করা হইয়াছে যেহেতু উক্ত সম্পত্তি/ সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রহিয়াছে; এবং

যেহেতু আইনের ৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/ সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন;

সেহেতু উক্ত আইনের ৫(৭) উপ-ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাইতেছে যে, নিম্নতফসিলে বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হইল :

**তফসিল**

জেলা কক্সবাজার, উপজেলা কুতুবদিয়া, মৌজা লেমশীখালী।

| আর এস খতিয়ান নং | আর এস দাগ নং | জমির পরিমাণ (একরে) |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ৫১১ | ৪৫৫৬ | ০.১২ |
| ৫১১ | ৪৩৬৬ | ০.৪০ |
| ৫১১ | ৪৫৫৫ | ০.১২ |
| ৫১১ | ৪৫৫৪ | ০.২০ |
| ৫১১ | ৪৫৫৩ | ০.২০ |
| ৫১১ | ৪৫৪২ | ০.২৭ |
| ৫১১ | ৪৫৫২ | ০.২৫ |
| ৫১১ | ৪৫৪১ | ০.২০ |
| ৫১১ | ৪৫৪৩ | ০.২৫ |
| ৫১১ | ৪৫৫১ | ০.১০ |
| ৫১১ | ৪৫৫০ | ০.২০ |
| ৫১১ | ৪৫৪৫ | ০.২০ |
| ৫১১ | ৪৫৪৯ | ০.২২ |
| ৫১১ | ৪৫৪৮ | ০.১৫ |
| ৫১১ | ৪৫৪৭ | ০.২০ |
| ৫১১ | ৪৫৫৬ | ০.১৬ |
| ৫১১ | ৪৫৪৪ | ০.১০ |
| ৫৭৭ | ৪৪০৯ | ০.১৮ |
| ৫৭৭ | ৪৪১০ | ০.৪৮ |
| ৫৮ | ৪৪২৮ | ১.৩০ |
| ৫৮১ | ৪৬৩৭ | ০.১৩ |
| ৫৮১ | ৪৪৩০ | ০.৭০ |
| ৫৮১ | ৪৪২৯ | ০.২৯ |
| ৫৮১ | ৪৪৩১ | ০.৪৮ |
| ৫৮১ | ৪৪২০ | ০.৪৫ |
| ৬৫০/৮৯ | ৪৪১৬ | ০.৭৫ |
| ৬৫০/৮৯ | ৪৪১৭ | ০.০১ |
| ৬৫০/৯০ | ৪৪১১ | ০.৪৭ |
| ৬৫০/৯০ | ৪৪১২ | ০.১০ |
| ৬৫০/৯৩ | ৪৪২৪ | ০.২৯ |
| ৬৫০/৯৩ | ৪৪১৯ | ০.২৫ |
| ৬৯৭/৮৬ | ৪১০২/৪৮৪৪ | ০.০২ |
| ৫১১ | ৪৫৬০ | ২.৯০ |
| ৫১১ | ৪৫৩২ | ০.৮৮ |
| ৫১১ | ৪৫৫৭ | ১.৮৩ |
| ৫১১ | ৪৫৬১ | ০.৩৫ |
| ৬৫০/৯১ | ৪৪১৪ | ০.২৮ |
| ৬৫০/৯১ | ৪৪১৫ | ১.২০ |
| ৬৫০/৯১ | ৪৪১৮ | ০.৪৫ |
| ৫১১ | ৪৩৬৪ | ১.১০ |
| ৬৫০/৯২ | ৪৪২৬ | ০.৮০ |
| ৬৫০/৯২ | ৪৬৩৫ | ০.০৪ |
| ৬৫০/৯২ | ৪৪৩৩ | ০.২০ |
| ৬৫০/৯২ | ৪৪৩৪ | ০.৩৪ |
| ৪৯৬ | ১১৪৫ | ০.২৫ |
| ৪৯৬ | ১১৫৭ | ২.৪৫ |
| | | ২২.৩১ একর |

(কথায় বাইশ দশমিক তিন এক একর)

মোট শূন্য দশমিক ছিষট্টি একর কম/বেশি।

নক্সা কক্সবাজার জেলা প্রশাসকের অফিসে দেখা যাইতে পারে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**পারভীন আক্তার**
উপ-সচিব।

**ফরম-ঘ**

**এল, এ কেস নং ২৫/৭৩-৭৪**

**সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা মোতাবেক নোটিশ।**

তারিখ, ১২ জুলাই ২০১২

**নং ৩১.০০.০০০০.০৪৮.৩৪.১৮৬.১২-৩৬৩**—যেহেতু নিম্ন বর্ণিত তফসিলের সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সনের (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৯ সনের ১৩নং আইন)-এর ৩ ধারা মোতাবেক ০৫-০৬-৭৪ইং তারিখের আদেশ স্টাফ কোয়ার্টার নির্মাণ প্রকল্প জন্য হুকুম দখল করা হইয়াছে যেহেতু উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রহিয়াছে; এবং

যেহেতু উক্ত উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন;

সেহেতু উক্ত আইনের ৫(৭) উপ-ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাইতেছে যে, নিম্ন তফসিলে বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হইল ঃ

**তফসিল**

জেলা কক্সবাজার, উপজেলা পেকুয়া, মৌজা মগনামা

| আর এস খতিয়ান নং | আর এস দাগ নং | জমির পরিমাণ (একরে) |
|---|---|---|
| ৯৭ | ৬৭৬ | ০.৯০ |
| ৬১৮ | ৬৭২ | ০.১০ |
| | | ১.০০ একর। |
| | | (কথায় এক একর মাত্র)। |

নক্সা কক্সবাজার জেলা প্রশাসকের অফিসে দেখা যাইতে পারে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**পারভীন আক্তার**
উপ-সচিব।

---

**ঘ-ফরম**

**এল, এ কেস নং ১০/৭৩-৭৪**

**সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা মোতাবেক নোটিশ**

তারিখ, ১২ জুলাই ২০১২

**নং ৩১.০০.০০০০.০৪৮.৩৪.১৯৭.১২-৩৬৪**—যেহেতু নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৮ সালের ১৩ নং আইন) এর ৩ ধারা মোতাবেক ২৬-০৭-১৯৭৪ তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হইয়াছে ; এবং

যেহেতু উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রহিয়াছে এবং যেহেতু উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন;

সেহেতু উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারার প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাইতেছে যে, নিম্নতফসিলে বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হইল :

**তফসিল**

মৌজা রামইতকান্দি, জে, এল, নং ২৭৮, উপজেলা দাউদকান্দি, জেলা কুমিল্লা।

সি, এস, দাগ নং আংশিক : ৬৪৪=০.০২, ৬৬২=০.০১, ৬৬৫=০.০৩, ৬৮৫=০.০৩, ৬৮৬=০.০৫, ৬৮৮=০.১০, ৬৮৯=০.০৯, ৬৯৮=০.০৬, ৬৯৯=০.০৫, ৭০০=০.০৩, ৭০২=০.০১. ৭০৩=০.০৩, ৭০৪=০.১৪, ৭০৫=০.১৫, ৭৩০=০.০১, ৭৩২=০.০৪, ৭৩৩=০.০২, ৭৩৪=০.০৯, ৭৩৫= ৭৩৮=০.০৪, ৭৪০=০.০৬, ৭৪১=০.০৪ এবং ৭৪৩=০.০৪।

সি, এস, দাগ নং পূর্ণ ৬৬৩=০.১৬।

মোট জমির পরিমাণ=১.৩৬ একর কম/বেশী।

জমির নকশা কুমিল্লা ভূমি হুকুম দখল অফিসে দেখা যাইতে পারে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**পারভীন আক্তার**
উপ-সচিব।

---

**ঘ ফরম**

**এল,এ কেস নং ৫০/৬২-৬৩**

**সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা মোতাবেক নোটিশ**

তারিখ, ২২ জুলাই ২০১২

**নং ৩১.০০.০০০০.০৪৮.৩৪.২০৬.১২-৩৮৩**—যেহেতু নিম্ন বর্ণিত তফসিল সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সনের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৯ সনের ১৩নং আইন) এর ৩ ধারা মোতাবেক ০৭-০১-৬২ইং তারিখের আদেশ দ্বারা সুইচ গেইট নির্মাণ প্রকল্পের জন্য হুকুম দখল করা হইয়াছে; এবং

যেহেতু উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রহিয়াছে; এবং

যেহেতু উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন;

সেহেতু উক্ত আইনের ৫(৭) উপ-ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাইতেছে যে, নিম্নতফসিলে বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হইল :

**তফসিল**

জেলা কক্সবাজার, উপজেলা মহেশখালী, মৌজা কালারমার ছড়া, জে, এল, নং ৪৫।

| আর এস খাতিয়ান নং | আর এস দাগ নং | জমির পরিমাণ |
|---|---|---|
| ৭ | ১৭৩৮ | ১.০৫ একর। |

এক দশমিক শূন্য পাঁচ একর।

জমির নক্সা কক্সবাজার জেলা প্রশাসকের অফিসের দেখা যাইতে পারে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**পারভীন আক্তার**
উপ-সচিব।

**ঘ-ফরম**

**এল, এ কেস নং ১১৪/৬৮-৬৯**

**সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা মোতাবেক নোটিশ**

তারিখ, ২২ জুলাই ২০১২

**নং ৩১.০০.০০০০.০৪৮.৩৪.২১২.১১-৩৮৪**—যেহেতু নিম্ন-তফসিলে বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সনের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৯ সালের ১৩নং আইন) এর ৩ ধারা মোতাবেক ২০-৫-৬১ইং তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হইয়াছে; এবং

যেহেতু উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রহিয়াছে; এবং

যেহেতু উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন;

সেহেতু উক্ত আইনের ৫(৭) উপ-ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাইতেছে যে, নিম্নতফসিলে বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হইল :

**তফসিল**

জেলা কক্সবাজার, উপজেলা কক্সবাজার, মৌজা চৌহলদঙ্খী

দাগ নং পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য।

**বিঃ দ্রঃ** অধিগ্রহণকৃত জমির পরিমাণ ১৯.৫৬ একর। তন্মধ্যে ২.৩০ একর সরকারি ১নং খাস খতিয়ানভুক্ত জমি হয়। দখল নামায় শুধুমাত্র খাস জমির দখল দেখানো হলেও বাস্তবে খাস জমি ও প্রত্যাশী সংস্থার দখলে রয়েছে।

জমির পরিমাণ ১৯.৫৬ একর।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**পারভীন আক্তার**
উপ-সচিব।

---

**ঘ-ফরম**

**এল, এ কেস নং ৭/৮১-৮২**

**সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা মোতাবেক নোটিশ**

তারিখ, ২২ জুলাই ২০১২

**নং ৩১.০০.০০০০.০৪৮.৩৪.১৪৫.১২-৩৮৮**—যেহেতু নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৮ সালের ১৩নং আইন) এর ৩ ধারা মোতাবেক ৩০-১২-৮১ ইং তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হইয়াছে; এবং

যেহেতু উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রহিয়াছে এবং যেহেতু উক্ত আইনের ৫ ধারায় (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন;

সেহেতু উক্ত আইনের ৫ ধারায় (৭) উপ-ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাইতেছে যে, নিম্নতফসিলে বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হইল :

**তফসিল**

মৌজা মাগুরা, জে, এল, নং ৯৬, থানা মাগুরা, জেলা মাগুরা।

| খতিয়ান নং | দাগ নং (আংশিক) | অধিগ্রহণকৃত জমির পরিমাণ |
|---|---|---|
| ৯৮২ | ৯২৭ | ০.২০ একর। |

অতএব মোট জমির পরিমাণ=০.২০ একর কম/বেশী

জমির নক্সা মাগুরা কালেক্টরেটর এল, এ, শাখা দেখা যাইতে পারে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**পারভীন আক্তার**
উপ-সচিব।

---

**সংশোধনী**

তারিখ, ২২ জুলাই ২০১২

**নং ৩১.০০.০০০০.০৪৮.৩৪.২০৮.১২-৩৯৭**—গত ১১-১-২০০১ তারিখে বাংলাদেশ গেজেটের ১ম খণ্ডে প্রকাশিত খুলনা জেলার ডুমুরিয়া উপজেলাধীন ফুলবাড়িয়া বরাতিয়া মৌজায় ৯৮/৬৯/৭০ নং এল, এ কেসের গেজেটে ভুলবশত: ৬৭৬ নং খাতিয়ানের ৭১০২ (পূর্ণ) দাগের ০.১১ ভূমির স্থলে ০.৯১ একর ভূমি ছাপা হয়েছে।

এক্ষণে, উক্ত গেজেট বিজ্ঞপ্তিতে ৯৮/৬৯-৭০ নং এল, এ কেসের ৬৭৭নং খতিয়ানের ৭১০২ (পূর্ণ) দাগের জমির তফসিলে জমির পরিমাণ ০.৯১ একর ভূমির স্থলে ০.১১ একর পড়তে হবে।

**পারভীন আক্তার**
উপ-সচিব।

---

**যুব ও ক্রীড়া মন্ত্রণালয়**

**ক্রীড়া-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১২ আগস্ট ২০১২

**নং ৩৪.০০.০০০০.০৭১.১১.১৩১.২০১১-৮৬১**—জাতীয় ক্রীড়া পরিষদ আইন, ১৯৭৪ (হালনাগাদ সংশোধিত)-এর ২০ ধারার প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক যোগাযোগ মন্ত্রণালয়ের সেতু বিভাগের ভারপ্রাপ্ত সচিব জনাব খন্দকার আনোয়ারুল ইসলাম-কে বাংলাদেশ বাশাআপ এসোসিয়েশনের সভাপতি পদে নিয়োগ দান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নির্মল কান্তি চাকমা**
সিঃ সহকারী সচিব (ক্রীড়া-১)।

**প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়**
**তদন্ত ও শৃঙ্খলা শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ১০ শ্রাবণ ১৪১৯/২৫ জুলাই ২০১২

**নং প্রাগম/তঃশৃঃ/বিমা-২৬/২০১২/৩৮৮**—যেহেতু, জনাব এম, এ জলিল তালুকদার, উপজেলা শিক্ষা অফিসার, রাজনগর, মৌলভীবাজার-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি অনুযায়ী অসদাচরণের অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক স্মারক নং প্রাগম/তঃশৃঃ/বিমা-২৬/২০১২/২৬৩, ১৫-৫-২০১২ তারিখে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণ করেন;

যেহেতু, তাঁর লিখিত জবাব, ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য ও প্রাসঙ্গিক রেকর্ডপত্রাদি পর্যালোচনা করে অভিযুক্তের বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক অসদাচরণের অভিযোগে বিভাগীয় মামলা চলার উপযুক্ত ভিত্তি নেই;

সেহেতু, জনাব এম, এ জলিল তালুকদার, উপজেলা শিক্ষা অফিসার, রাজনগর, মৌলভীবাজার-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৭(২)(এ) উপ-বিধি মোতাবেক বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদান করা হ'ল।

তারিখ, ২২ শ্রাবণ ১৪১৯/৬ আগস্ট ২০১২

**নং প্রাগম/তঃশৃঃ/বিমা-৫৭/২০১১/৪০২**—যেহেতু, বেগম নীলুফার চৌধুরী, সহকারী পরিচালক, জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ফরিদপুর-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) উপ-বিধি মোতাবেক অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে মন্ত্রণালয়ের ১২-১০- ২০১১ তারিখের প্রাগম/তঃশৃঃ/বিমা-৫৭/২০১১/৫৯৭ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করা হয় এবং মন্ত্রণালয়ের ১১-৩-২০১২ তারিখের প্রাগম/তঃশৃঃ/বিমা-৫৭/২০১১/১৫৪ নং প্রজ্ঞাপনমূলে লঘুদণ্ড হিসাবে তাঁর দু'টি ইনক্রিমেন্ট কর্তনের শাস্তি প্রদান করা হয়; এবং

যেহেতু, তিনি উক্ত আদেশের বিরুদ্ধে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে মহামান্য রাষ্ট্রপতির বরাবরে শাস্তি পুনঃবিবেচনার জন্য আপীল করলে মহামান্য রাষ্ট্রপতি তাঁর উক্ত আপীল মঞ্জুর করেন; এবং

সেহেতু, বেগম নীলুফার চৌধুরী-কে প্রদত্ত বিভাগীয় দণ্ডাদেশ (মন্ত্রণালয়ের ১১-৩-২০১১ তারিখের প্রাগম/তঃশৃঃ/বিমা-৫৭/২০১১/১৫৪ নং স্মারক) এতদ্বারা প্রত্যাহার করা হ'ল।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম, এম, নিয়াজউদ্দিন**
ভারপ্রাপ্ত সচিব।

**শিল্প মন্ত্রণালয়**
**স্বশাসিত সংস্থা-বিসিক শাখা**

**আদেশ**

তারিখ, ২৮ শ্রাবণ ১৪১৯/১২ আগস্ট ২০১২

**সূত্র** : অর্থ বিভাগের পত্র নং ০৭.০০.০০০০.১৬৪.৩৬.০০৬.১২-৫৪, তারিখ ১৭-৭-২০১২।

**নং ৩৬.০৬৫.০১৫.০০.০৩.০২৯.২০০৫-২১৭**—শিল্প মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক) কর্তৃক বাস্তবায়িত "লবণ শিল্পের উন্নয়ন" প্রকল্প হতে রাজস্বখাতে স্থানান্তরিত 'পরিদর্শক' পদের বেতনস্কেল জাতীয় বেতনস্কেল, ২০০৫ এর ৩৩০০—৬৯৪০/- টাকা (১৪নং স্কেল) এর স্থলে ৩৫০০—৭৫০০/-টাকা (১৩নং স্কেল) স্কেলে পুনঃনির্ধারণের সরকারি আদেশ নিম্নোক্ত শর্তে নির্দেশক্রমে জারি করছি :

**শর্তাবলী :**

(ক) পুনঃনির্ধারণকৃত বেতনস্কেল আদেশ জারির তারিখ থেকে কার্যকর হবে;

(খ) পুনঃনির্ধারণকৃত বেতনস্কেলে বেতন নির্ধারণী সুবিধা ব্যতিত আদেশ জারির পূর্বের কোন বকেয়া প্রদেয় হবে না।

২। বেতনস্কেল পুনঃনির্ধারণের এ সরকারি আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হলো।

**নিগার সুলতানা**
সিনিয়র সহকারী সচিব।

**সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়**
**উন্নয়ন ও পরিকল্পনা শাখা-২**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৬ জুলাই ২০১২

**নং সবিম/উঃ৪-২২/৮৫/অংশ-২/৮৩৮**—মহাকবি মাইকেল মধুসূদন দত্তের স্মৃতিধন্য যশোর জেলার সাগরদাড়ীর মধুপল্লীতে একটি স্থায়ী ম্যুরাল স্থাপনের নিমিত্তে নির্দেশক্রমে নিম্নরূপ বিশেষজ্ঞ কমিটি গঠন করা হলো :

**আহ্বায়ক**

(১) প্রফেসর হামিদুজ্জামান, ভাস্কর

**সদস্যবৃন্দ**

(২) স্থপতি ও কবি রবিউল হোসাইন

(৩) অধ্যাপক এমদাদুল হক মোঃ মতলুব আলী, ডীন, চারুকলা অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

(৪) জনাব লাইলারুখ সেলিম, সহযোগী অ্যাপক, চারুকলা অনুষদ, ঢাঃ বিঃ।

(৫) সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিনিধি

**সদস্য-সচিব**

(৬) প্রত্নতত্ত্ব অধিদপ্তরের প্রতিনিধি

**কমিটির কার্যপরিধি (TOR) :**

(১) ম্যুরাল স্থাপনের স্থান নির্ধারণ এবং প্রতিকৃতি নির্বাচন;

(২) নান্দনিক ও কারিগরি দিকে পরামর্শ প্রদান;

(৩) প্রয়োজনে কমিটি সদস্য কো-অপ্ট করতে পারবে;

(৪) বিবিধ।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নিশাত জাহান**
সহকারী প্রধান।

## স্বরাষ্ট্র মন্ত্রণালয়

### আইন শাখা-১

### প্রজ্ঞাপন

তারিখ, ১৩ আগস্ট ২০১২

**নং ৪৪.০০.০০০০.০৫৫.১০.০০৩.১১-১১০৫**—চট্টগ্রাম জেলার পাঁচলাইশ থানার মামলা নং-৬, তারিখ ১৬-১১-২০১০ ধারা-সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ৮/৯/১০/১২/১৩ [দায়রা (সন্ত্রাস বিরোধী) মামলা নং-১৯৫২/১২] মামলাটির বিচারকার্য পরিচালনার জন্য আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (২০০৯ সনের ১৬ নং আইন) এর ধারা ৪০(২) এর অধীন সরকারের মঞ্জুরী (Sanction) এতদ্দ্বারা প্রদান করা হ'ল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শেফিনা বেগম**
উপ-সচিব।

---

### কারা অধিশাখা-২

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ, ১৩ আগস্ট ২০১২

**নং ৪৪.০০.০০০০.০২৪.০১.০০১.১২-২১৯**—আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতর' ২০১২ উপলক্ষে মুক্তিযোগ্য বন্দীদের মুক্তি প্রদানের বিষয়ে ফৌজদারী কার্যবিধি আইনের ৪০১(১) ধারার ক্ষমতাবলে সরকার রংপুর কেন্দ্রীয় কারাগারে আটক নিম্নোক্ত কয়েদীর কারাদণ্ড ও অর্থদণ্ড মওকুফ করা হয়েছে :

| | |
|---|---|
| (১) | কয়েদী নং-৯২৯৭/এ<br>নাম রোস্তম আলী<br>পিতার নাম আহামুদ্দীন<br>বয়স ৫৯ বছর। |

২। অন্য কোন কারণে আটক রাখা আবশ্যক না হলে তাকে অবিলম্বে মুক্তি প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হ'ল।

৩। এ আদেশ মহামান্য রাষ্ট্রপতির সদয় অনুমোদনের প্রেক্ষিতে জারি করা হ'ল।

**নং ৪৪.০০.০০০০.০২৪.০১.০০১.১২-২২০**—আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতর' ২০১২ উপলক্ষে মুক্তিযোগ্য বন্দীদের মুক্তি প্রদানের বিষয়ে ফৌজদারী কার্যবিধি আইনের ৪০১(১) ধারার ক্ষমতাবলে সরকার লালমনিরহাট জেলা কারাগারে আটক নিম্নোক্ত কয়েদীর কারাদণ্ড ও অর্থদণ্ড মওকুফ করা হয়েছে :

| | |
|---|---|
| (১) | কয়েদী নং-৩৩৮৮/এ<br>নাম শ্রী মন্ডল সেন<br>পিতার নাম হরেন্দ্র নাথ সেন<br>বয়স ৩৫ বছর। |

২। অন্য কোন কারণে আটক রাখা আবশ্যক না হলে তাকে অবিলম্বে মুক্তি প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হ'ল।

৩। এ আদেশ মহামান্য রাষ্ট্রপতির সদয় অনুমোদনের প্রেক্ষিতে জারি করা হ'ল।

**নং ৪৪.০০.০০০০.০২৪.০১.০০১.১২-২২১**—আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতর' ২০১২ উপলক্ষে মুক্তিযোগ্য বন্দীদের মুক্তি প্রদানের বিষয়ে ফৌজদারী কার্যবিধি আইনের ৪০১(১) ধারার ক্ষমতাবলে সরকার দিনাজপুর জেলা কারাগারে আটক নিম্নোক্ত কয়েদীর কারাদণ্ড ও অর্থদণ্ড মওকুফ করা হয়েছে :

| | |
|---|---|
| (১) | কয়েদী নং-৫১৮০/এ<br>নাম মোঃ জুয়েল<br>পিতার নাম মোঃ দারাজ মাস্টার<br>বয়স ২৩ বছর। |

২। অন্য কোন কারণে আটক রাখা আবশ্যক না হলে তাকে অবিলম্বে মুক্তি প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হ'ল।

৩। এ আদেশ মহামান্য রাষ্ট্রপতির সদয় অনুমোদনের প্রেক্ষিতে জারি করা হ'ল।

**নং ৪৪.০০.০০০০.০২৪.০১.০০১.১২-২২২**—আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতর' ২০১২ উপলক্ষে মুক্তিযোগ্য বন্দীদের মুক্তি প্রদানের বিষয়ে ফৌজদারী কার্যবিধি আইনের ৪০১(১) ধারার ক্ষমতাবলে সরকার রাংগামাটি জেলা কারাগারে আটক নিম্নোক্ত কয়েদীর কারাদণ্ড ও অর্থদণ্ড মওকুফ করা হয়েছে :

| | |
|---|---|
| (১) | কয়েদী নং-২০৭৭/এ<br>নাম লিটন কুমার দাস<br>পিতার নাম উপেন্দ্র কুমার দাস<br>বয়স ২৭ বছর। |

২। অন্য কোন কারণে আটক রাখা আবশ্যক না হলে তাকে অবিলম্বে মুক্তি প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হ'ল।

৩। এ আদেশ মহামান্য রাষ্ট্রপতির সদয় অনুমোদনের প্রেক্ষিতে জারি করা হ'ল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ জহুরুল ইসলাম রোহেল**
উপ-সচিব।

---

## স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

### শৃংখলা-১ শাখা

### আদেশাবলী

তারিখ, ২০ আষাঢ় ১৪১৯/৪ জুলাই ২০১২

**নং স্বাপকম/শৃংখলা-১/১-২৩/২০০৬/৬৮৮**—যেহেতু, ডাঃ মোঃ মজিবর রহমান, প্রাক্তন মেডিকেল অফিসার, বালিয়া স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, সদর উপজেলা, ঠাকুরগাঁও গত ১৩-৮-২০০১ তারিখ হতে কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত থাকায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও (সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি'র দায়ে বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে তাঁকে সরকারি চাকুরি হতে কেন অপসারণ করা হবে না মর্মে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাঁকে সরকারি চাকুরি হতে অপসারণ করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারি কর্মকমিশনের মতামত চাওয়া হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারি কর্মকমিশন মন্ত্রণালয়ের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে;

যেহেতু, উক্ত কর্মকর্তাকে সরকারি চাকুরি হতে অপসারণ করার প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন;

এক্ষণে, সেহেতু, সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(৩)(সি) বিধি মোতাবেক ডাঃ মোঃ মজিবর রহমান, প্রাক্তন মেডিকেল অফিসার, বালিয়া স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, সদর উপজেলা, ঠাকুরগাঁও-কে তাঁর অননুমোদিত অনুপস্থিতির তারিখ ১৩-৮-২০০১ থেকে সরকারি চাকুরি হতে অপসারণ করা হলো।

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো।

তারিখ, ১০ শ্রাবণ ১৪১৯/২৫ জুলাই ২০১২

**নং স্বাপকম/শৃংখলা-১/১-৯০/২০০৯/৭৫০**—যেহেতু, ডাঃ আবুল আহাদ মোঃ রাইহান উদ্দিন (৪২৬৮৫), সহকারী অধ্যাপক (চঃদাঃ), মেডিসিন বিভাগ, ময়মনসিংহ মেডিকেল কলেজ, ময়মনসিংহ ৬-৩-২০০৯ তারিখ হতে কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিত কর্মস্থলে কর্মস্থলে অনুপস্থিত থাকার তাঁকে বিরুদ্ধে সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৩(বি) ধারায় অভিযুক্ত করতঃ বিভাগীয় মামলা রুজু করে ৫(১) ধারা মোতাবেক ১ম কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেন;

যেহেতু, তাঁর জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় তাঁকে সরকারি চাকুরি হতে কেন বরখাস্ত করা হবে না মর্মে উক্ত অধ্যাদেশের ৫(২) ধারা মোতাবেক ২য় কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাঁকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত চাওয়া হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন মন্ত্রণালয়ের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে;

যেহেতু, উক্ত কর্মকর্তাকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন;

এক্ষণে, সেহেতু, সসরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৪(এ) ধারা মোতাবেক ডাঃ আবুল আহাদ মোঃ রাইহান উদ্দিন (৪২৬৮৫), সহকারী অধ্যাপক (চঃদাঃ), মেডিসিন বিভাগ, ময়মনসিংহ মেডিকেল কলেজ, ময়মনসিংহ-কে তাঁর অননুমোদিত অনুপস্থিতির তারিখ ৬-৩-২০০৯ থেকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করা হলো।

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুহম্মদ হুমায়ুন কবির**
সিনিয়র সচিব।

**আদেশ**

তারিখ, ২৭ মে ২০১২

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.১১৮.২০১১-৬৫৭**—যেহেতু, ডাঃ মোঃ তসলিম উদ্দিন চৌধুরী (৩৬৮৫৫), সহকারী রেজিস্ট্রার, ২৫০ শয্যা জেলা হাসপাতাল, কিশোরগঞ্জ-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৩(বি) ধারার অপরাধে অভিযুক্ত করে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি;

যেহেতু, তাঁকে উল্লেখিত অধ্যাদেশের ৩(বি) ধারার অপরাধে দোষী সাব্যস্ত করে ২য় কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার ২য় কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ২১-৫-২০১২ তারিখ তার ব্যক্তিগত শুনানী গ্রহণকালে তিনি জানান যে, তার চাকুরির ২৫ (পঁচিশ) বছর পূর্তিতে তিনি চাকুরি হতে স্বেচ্ছায় অবসর গ্রহণের আবেদন করেছেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ মোঃ তসলিম উদ্দিন চৌধুরী (৩৬৮৫৫), সহকারী রেজিস্ট্রার, ২৫০ শয্যা জেলা হাসপাতাল, কিশোরগঞ্জ-এর বিরুদ্ধে আনীত অভিযোগ, ২য় কারণ দর্শানো নোটিশের জবাব এবং শুনানীঅন্তে সামগ্রিক বিষয়াদি বিবেচনা করে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ থেকে তাকে অব্যাহতি প্রদান করা হলো।

তাঁর অননুমোদিত অনুপস্থিতকালীন সময় ৪-১-২০০৯ তারিখ হতে ২১-৩-২০১২ তারিখ পর্যন্ত সময়-কে বিনাবেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হলো। অনুপস্থিতকালীন সময়ে তিনি কোন বেতন-ভাতা প্রাপ্য হবেন না।

**এ কে এম আমির হোসেন**
অতিরিক্ত সচিব।

---

**আদেশাবলী**

তারিখ, ৪ জুলাই ২০১২

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০৪৭.২০১২-৬৭৮**—যেহেতু, ডাঃ মুহাম্মদ মোস্তাফিজুর রহমান (১১১৮১৩), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওএসডি), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক “অসদাচরণ” ও “বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি” এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ২৭-৬-২০১২ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, তিনি ব্যক্তিগত শুনানীতে অনুপস্থিতকালীন সময় তিনি গুরুতর অসুস্থ ছিলেন মর্মে জানান এবং তাঁর অসুস্থতার সপক্ষে চিকিৎসা সংক্রান্ত কাগজপত্র উপস্থাপন করেন। তার উপস্থাপনকৃত চিকিৎসা সংক্রান্ত কাগজপত্র সরকার পক্ষ সঠিক বলে মন্তব্য করেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ মুহাম্মদ মোস্তাফিজুর রহমান (১১১৮১৩), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওএসডি), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকার বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ দর্শানো নোটিশের জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য, অসুস্থতার সপক্ষে উপস্থাপিত প্রমাণাদি পর্যালোচনায় তাঁকে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ হতে অব্যাহতি প্রদান করা হলো।

**নং স্বাপকম/শৃংখলা-১/১-৫৭/২০০৯-৬৮৭**—যেহেতু, ডাঃ মোঃ হায়াত মাহমুদ (কোড ১১৩৭৪০), সহকারী রেজিস্ট্রার, জাতীয় মানসিক স্বাস্থ্য ইনস্টিটিউট, শেরে বাংলানগর, ঢাকা-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক "অসদাচরণ" এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তাকারী কর্মকর্তা তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং অসদাচরণ এর অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে বিভাগীয় মামলায় তাঁকে সরকারি চাকুরি হতে কেন বরখাস্ত করা হবে না মর্মে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার ২য় কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ২৬-৬-২০১২ তারিখ তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, তিনি ব্যক্তিগত শুনানীর সময় জানান বিএসএমএমইউ এর পাওনা বাবদ সমুদয় অর্থ পূর্বালী ব্যাংক, শাহবাগ শাখার সংশ্লিষ্ট ব্যাংক একাউন্টে জমা প্রদান করেছেন এবং তিনি বিএসএমএমইউ এর পাওনা বাবদ সকল অর্থ পরিশোধের প্রত্যয়নপত্র দাখিল করেন। বর্তমানে তাঁর কাছে বিএসএমএমইউ এর কোন পাওনা নেই।

এক্ষণে, সেহেতু, ডাঃ মোঃ হায়াত মাহমুদ (কোড ১১৩৭৪০), সহকারী রেজিস্ট্রার, জাতীয় মানসিক স্বাস্থ্য ইনস্টিটিউট, শেরে বাংলানগর, ঢাকা-এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ দর্শানো নোটিশের জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনায় তিনি বিএসএমএমইউ হতে উত্তোলিত অর্থ ফেরত প্রদান এবং কৃতকর্মের জন্য ক্ষমা প্রার্থনা করায় সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(বি) বিধি মোতাবেক তাঁর বার্ষিক বেতন বৃদ্ধি আদেশ জারীর তারিখ হতে পরবর্তী ০১ (এক) বছরের জন্য স্থগিতের শাস্তি আরোপ করা হলো।

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০৬৪.২০১২-৬৮৯**—যেহেতু, ডাঃ এস এম মনিরুজ্জামান (১০৯৯২৪), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বাকেরগঞ্জ, বরিশাল-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক "অসদাচরণ" এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ২৭-৬-২০১২ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, তিনি ব্যক্তিগত শুনানীর সময় জানান ২৪-২-২০১২ তারিখ শুক্রবার এবং সাপ্তাহিক ছুটির দিন থাকায় ও ইমারজেন্সি রোস্টারে তার কোন ডিউটি না থাকায় তিনি হাসপাতালে উপস্থিত ছিলেন না। সম্পূর্ণ অনিচ্ছাকৃতভাবে মাননীয় মন্ত্রীর সম্মুখে উপস্থিত থাকতে না পারার জন্য তিনি আন্তরিকভাবে দুঃখ প্রকাশ এবং ক্ষমা প্রার্থনা করেন।

এক্ষণে, সেহেতু, ডাঃ এস এম মনিরুজ্জামান (১০৯৯২৪), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বাকেরগঞ্জ, বরিশাল এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ দর্শানো নোটিশের জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনায় তাঁর ভুলের জন্য দুঃখ প্রকাশ ও ক্ষমা প্রার্থনা করায় সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(এ) বিধিমতে 'তিরস্কার' শাস্তি আরোপ করা হলো।

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০৯১.২০১২-৬৯০**—যেহেতু, ডাঃ প্রতুল কুমার সরকার (৩৮৫৮১), মেডিকেল অফিসার, ২০ শয্যা বিশিষ্ট হারামিয়া উপ-স্বাস্থ্য কেন্দ্র, সন্দ্বীপ, চট্টগ্রাম-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক "অসদাচরণ" এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ২৭-৬-২০১২ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, তিনি ব্যক্তিগত শুনানীতে জানান যে, মঞ্জুরিকৃত ছুটিতে দেশের বাহিরে অবস্থানকালীন ২০-৩-২০১২ তারিখে তাকে সন্দ্বীপ, চট্টগ্রামে বদলী করা হয় এবং ২৪-৩-২০১২ তাৎক্ষণিক অব্যাহতি দেওয়া হয়। ছুটিকালীন সময়ে তার ডান Ankle Joint Injury হওয়ায় চিকিৎসকের পরামর্শক্রমে ১-৪-২০১২ হতে ৫-৫-২০১২ খ্রিস্টাব্দ বিশ্রামে থেকে সুস্থ হয়ে গত ৭-৫-২০১২ খ্রিস্টাব্দ ২০ শয্যা বিশিষ্ট হারামিয়া উপস্বাস্থ্য কেন্দ্র, সন্দ্বীপ, চট্টগ্রামে যোগদান করে বর্তমানে কর্মরত আছেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ প্রতুল কুমার সরকার (৩৮৫৮১), মেডিকেল অফিসার, ২০ শয্যাবিশিষ্ট হারামিয়া উপ-স্বাস্থ্য কেন্দ্র, সন্দ্বীপ, চট্টগ্রাম-এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ দর্শানো নোটিশের জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনা করে মানবিক বিবেচনায় তাঁকে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ হতে অব্যাহতি প্রদান করা হলো।

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০৯২.২০১২-৬৯১**—যেহেতু, ডাঃ মোঃ আহসান হাবিব (১১২৭২৪), মেডিকেল অফিসার, খুলনা জেনারেল হাসপাতাল, খুলনা-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক "অসদাচরণ" ও "বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি" এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ২৭-৬-২০১২ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, তিনি ব্যক্তিগত শুনানীর সময় জানান তিনি চাকুরিরত অবস্থায় অসুস্থ হয়ে ২২-৭-২০০৯ হতে ২৫-৯-২০০৯ দুই মাস অনুপস্থিত থাকার পর সুস্থ হয়ে যথাযথ কর্তৃপক্ষের নিকট যোগদানপত্র দাখিল করলেও কর্তৃপক্ষ যোগদানপত্র গ্রহণে অনীহা প্রকাশ করেন এবং তার ছুটিও মঞ্জুর হয়নি। পরবর্তীতে তিনি চিকিৎসা শেষে গত ১-২-২০১১ তারিখ সিভিল সার্জন কাম-তত্ত্বাবধায়ক, জেনারেল হাসপাতাল, খুলনা বরাবরে যোগদানপত্র দাখিল করেছেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ মোঃ আহসান হাবিব (১১২৭২৪), মেডিকেল অফিসার, খুলনা জেনারেল হাসপাতাল, খুলনা-এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ দর্শানো নোটিশের জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনায় সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(এ) বিধিমতে 'তিরস্কার' শাস্তি আরোপ করা হলো।

তারিখ, ৫ জুলাই ২০১২

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০৭৮.২০১২-৬৯৫**—যেহেতু, ডাঃ মোঃ মফিজুর রহমান (১১২৯৮২), রেজিস্ট্রার, ২৫০ শয্যাবিশিষ্ট শহীদ শেখ আবু নাসের বিশেষায়িত হাসপাতাল, খুলনা-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক "অসদাচরণ" ও "বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি" এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ২৬-৬-২০১২ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, তিনি ব্যক্তিগত শুনানীর সময় জানান ৩০-৬-২০১১ তারিখ পর্যন্ত মঞ্জুরিকৃত ছুটির মেয়াদ শেষ হওয়ার পর তিনি ১-৭-২০১১ তারিখ হতে পরবর্তী ০৬ মাসের জন্য শিক্ষা ছুটির মেয়াদ বৃদ্ধির জন্য আবেদন করে মন্ত্রণালয়ের নির্দেশের অপেক্ষায় ছিলেন। ফেব্রুয়ারি মাসের প্রথম সপ্তাহে শিক্ষা ছুটির অনুমোদন না পাওয়ায় তিনি ৮-২-২০১২ তারিখ পদায়নকৃত কর্মস্থলে যোগদান করেন। তিনি তার ভুলের জন্য ক্ষমা প্রার্থী;

এক্ষণে, সেহেতু, ডাঃ মোঃ মফিজুর রহমান (১১২৯৮২), রেজিস্ট্রার, ২৫০ শয্যাবিশিষ্ট শহীদ শেখ আবু নাসের বিশেষায়িত হাসপাতাল, খুলনা-এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ দর্শানো নোটিশের জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনায় তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় এবং তিনি নিঃশর্ত ক্ষমা প্রার্থনা করায় সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(এ) বিধিমতে 'তিরস্কার' শাস্তি আরোপ করা হলো। তার অনুপস্থিতকালীন সময় ১-৭-২০১১ হতে ৭-২-২০১২ তারিখ পর্যন্ত বিনাবেতনে অসাধারণ ছুটি হিসেবে গণ্য হবে।

তারিখ, ৯ জুলাই ২০১২

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০৬৫.২০১২-৭০৯**—যেহেতু, ডাঃ মোঃ নজরুল ইসলাম (৪০০৬৫), মেডিকলে অফিসার (জুনিঃ কনসালটেন্ট, সার্জারী পদের বিপরীতে), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বাকেরগঞ্জ, বরিশাল-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক "অসদাচরণ" এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ২৭-৬-২০১২ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, তিনি ব্যক্তিগত শুনানীর সময় জানান ২৪-২-২০১২ তারিখ শুক্রবার এবং সাপ্তাহিক ছুটির দিন থাকায় ও ইমারজেন্সি রোস্টারে তার কোন ডিউটি না থাকায় তিনি হাসপাতালে উপস্থিত ছিলেন না। মাননীয় মন্ত্রীর উপস্থিতির কথা জানতে পেরে তাৎক্ষণিকভাবে হাসপাতালে আগমন করেন কিন্তু ততক্ষণে মাননীয় মন্ত্রী হাসপাতাল ত্যাগ করেন। সম্পূর্ণ অনিচ্ছাকৃতভাবে মাননীয় মন্ত্রীর সম্মুখে উপস্থিত থাকতে না পারার জন্য তিনি আন্তরিকভাবে দুঃখ প্রকাশ এবং ক্ষমা প্রার্থনা করেন।

এক্ষণে, সেহেতু, ডাঃ মোঃ নজরুল ইসলাম (৪০০৬৫), মেডিকলে অফিসার (জুনিঃ কনসালটেন্ট, সার্জারী পদের বিপরীতে), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বাকেরগঞ্জ, বরিশাল-এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ দর্শানো নোটিশের জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনায় তাঁর ভুলের জন্য দুঃখ প্রকাশ ও ক্ষমা প্রার্থনা করায় সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(এ) বিধিমতে 'তিরস্কার' শাস্তি আরোপ করা হলো।

তারিখ, ১২ জুলাই ২০১২

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০৭৬.২০১২-৭২৪**—যেহেতু, ডাঃ মুহাম্মদ নুরুল ইসলাম মিয়া (৩২০৩০), উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বানারীপাড়া, বরিশাল-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক "অসদাচরণ" এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ৮-৭-২০১২ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, তিনি ব্যক্তিগত শুনানীতে জানান যে, মাননীয় মন্ত্রী মহোদয়ের পরিদর্শনের দিন ২৩-২-২০১২ তারিখ উপজেলা পরিষদের মাসিক সভা চলাকালীন সময়ে তিনি মাননীয় মন্ত্রীর পরিদর্শনের কথা জানতে পেরে তাৎক্ষণিকভাবে স্বাস্থ্য কমপ্লেক্স আগমন করেন এবং সার্বক্ষণিক মাননীয় মন্ত্রী মহোদয়ের সাথে ছিলেন। ডাঃ আফরোজা ও ডাঃ তনিমা মহসিন ছুটিতে আছেন মর্মে মাননীয় মন্ত্রীকে বলেছিলেন এবং তার দপ্তরের পরিসংখ্যানবিদের মাধ্যমে ছুটির দরখাস্তের ফটোকপি মাননীয় মন্ত্রীর সফর সঙ্গীদের দিয়ে ছিলেন। তবে মাননীয় মন্ত্রীর সাথে অনেক লোকজন থাকায় তথ্য প্রদানের বিষয়ে ভুল বুঝাবুঝি হতে পারে।

এক্ষণে, সেহেতু, ডাঃ মুহাম্মদ নুরুল ইসলাম মিয়া (৩২০৩০), উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বানারীপাড়া, বরিশাল-এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ দর্শানো নোটিশের জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনায় তাঁকে সতর্ক করে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ হতে অব্যাহতি প্রদান করা হলো।

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০৬৭.২০১২-৭২৬**—যেহেতু, ডাঃ আফরোজা হোসেন (১০২১৯৮৭), সহকারী সার্জন, চাখার ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, বানারীপাড়া, বরিশাল-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক "অসদাচরণ" এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ৮-৭-২০১২ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, তিনি ব্যক্তিগত শুনানীতে জানান যে, পারিবারিক জুরুরী প্রয়োজনে তিনি ১৯-২-২০১২ তারিখে তার নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ তথা উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার নিকট থেকে ২২-২-২০১২ হতে ২৩-২-২০১২ তারিখ পর্যন্ত নৈমিত্তিক ছুটি মঞ্জুর করে কর্মস্থল ত্যাগ করেন এবং তার বক্তব্যের সমর্থনে অনুমোদিত ছুটির আবেদনের ফটোকপি উপস্থাপন করেন। তিনি আরো জানান যে, ২৩-২-২০১২ তারিখে স্বাস্থ্য বিভাগের কারো সাথে তাঁর অনুপস্থিতির বিষয়ে টেলিফোনে আলোচনা হয়নি।

এক্ষণে, সেহেতু, ডাঃ আফরোজা হোসেন (১০২১৯৮৭), সহকারী সার্জন, চাখার ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, বানারীপাড়া, বরিশাল-এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ দর্শানো

নোটিশের জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনা করে তাঁকে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ হতে অব্যাহতি প্রদান করা হলো।

**খোরশেদ আলম চৌধুরী**
অতিরিক্ত সচিব।

**শৃংখলা-২ শাখা**

**আদেশ**

তারিখ, ৩ আষাঢ় ১৪১৯/১৭ জুন ২০১২

**নং স্বাপকম/শৃংখলা-২/(পার-৭)/১-৪/৯২/৪৪**—যেহেতু, ডাঃ আবু রায়হান, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), বীরগঞ্জ, দিনাজপুর এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ দর্শানো নোটিশ জারী করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি বিধায় তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্ত প্রতিবেদন দাখিল করেছেন এবং তদন্তে আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে;

যেহেতু, বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে ডাঃ আবু রায়হান-কে সরকারি চাকরি হতে কেন বরখাস্ত করা হবে না মর্মে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ জারী করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি;

যেহেতু, তাঁকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারি কর্মকমিশনের মতামত চাওয়া হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারি কর্মকমিশন মন্ত্রণালয়ের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে;

এক্ষণে, সেহেতু, সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(৩)(ডি) বিধি মোতাবেক ডাঃ আবু রায়হান, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), বীরগঞ্জ, দিনাজপুর-কে সরকারি চাকুরি হতে বরখাস্ত করা হলো।

এ আদেশ তার অননুমোদিত অনুপস্থিতির তারিখ ৬-৫-১৯৯১ থেকে কার্যকর হবে।

এ আদেশ জনস্বার্থে জারী করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুহম্মদ হুমায়ুন কবির**
সিনিয়র সচিব।

**পার-৩ অধিশাখা**

**আদেশ**

তারিখ, ৩০ মে ২০১২

**নং ৪৫.১৪৪.০২৭.০০.০০.০০৩.২০১১-৪৭১**—যেহেতু, ডাঃ মোঃ জিয়াউল ইসলাম (কোড নং ১১১৫৫৫), আইএমও, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, মদন, নেত্রকোণা, কিশোরগঞ্জ থানার মামলা নং ১১(৮), ২০১১ তারিখ ১০-৮-২০১১ মূলে গ্রেফতার হয়েছেন।

২। এক্ষণে, সেহেতু, তাকে বিএসআর পার্ট-১ বিধি ৭৩-এর বিধান মোতাবেক জেল হাজতে প্রেরণের তারিখ হতে সাময়িক বরখাস্ত করা হলো।

৩। প্রচলিত নিয়ম মোতাবেক তিনি সাময়িক বরখাস্তকালীন খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মুহাম্মদ হুমায়ুন কবির**
সিনিয়র সচিব।

**জনস্বাস্থ্য-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৩ আগস্ট ২০১২

**নং জনস্বাস্থ্য-১/ঔষধ-৪১/২০০৮/১৭২**—স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের গত ২৯-১১-২০১০ তারিখের জনস্বাস্থ্য-১/ঔষধ-৪১/২০০৮/৩৩৯ সংখ্যক প্রজ্ঞাপনমূলে হার্বাল ঔষধসমূহের আবেদন মূল্যায়ন ও নিবন্ধনের লক্ষ্যে গঠিত হার্বাল ঔষধ এডভাইজরী কমিটি নিম্নরূপভাবে পুনর্গঠন করা হলো :

**সভাপতি**

(১) মহা-পরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঢাকা।

**সদস্যবৃন্দ**

(২) চেয়ারম্যান, বিসিএসআইআর, ঢাকা।

(৩) চেয়ারম্যান, ফার্মাসিউটিক্যাল কেমিস্ট্রি বিভাগ, ফার্মেসী অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।

(৪) চেয়ারম্যান, ঔষধ প্রযুক্তি বিভাগ, ফার্মেসী অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।

(৫) চেয়ারম্যান, উদ্ভিদ বিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।

(৬) চেয়ারম্যান, ফার্মাকোলজী বিভাগ, বংগবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়, ঢাকা।

(৭) যুগ্ম-সচিব (জনস্বাস্থ্য), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

(৮) প্রতিনিধি, স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা।

(৯) সহকারী অধ্যাপক, সরকারি ইউনানী ও আয়ুর্বেদিক ডিগ্রী কলেজ ও হাসপাতাল, মিরপুর, ঢাকা।

(১০) প্রতিনিধি, বাংলাদেশ ঔষধ শিল্প সমিতি, ঢাকা।

(১১) বাংলাদেশ ইউনানী ও আয়ুর্বেদিক বোর্ডের একজন প্রতিনিধি।

(১২) বাংলাদেশ হার্বাল প্রোডাক্ট ম্যানুফ্যাকচারার্স এসোসিয়েশনের একজন প্রতিনিধি

**সদস্য-সচিব**

(১৩) উপ-পরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঢাকা।

**কমিটির কার্যপরিধি ঃ**

(ক) বিশ্বের বিভিন্ন দেশে স্বীকৃতি, প্রচলিত ও ব্যবহৃত হার্বাল ঔষধ বাংলাদেশে আমদানি, উৎপাদন ও বাজারজাতের নিমিত্তে নিবন্ধনের আবেদনসমূহে উল্লিখিত ঔষধের নিরাপত্তা, কার্যকারিতা এবং উপযোগিতা মূল্যায়ন এবং সুপারিশ প্রদান।

(খ) হারবাল ঔষধ এ্যাডভাইজরী কমিটির সুপারিশ ঔষধ নিয়ন্ত্রণ কমিটির অনুমোদন গ্রহণের পরিবর্তে মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে কার্যকর করতে হবে।

(গ) হার্বাল ফার্মাকোপিয়া প্রণয়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ডঃ আছমা আক্তার জাহান**
উপ-সচিব।

---

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**

**স্থানীয় সরকার বিভাগ**

**(উন্নয়ন-১ শাখা)**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৫ জুলাই ২০১২

**নং ৪৬.০৬৭.০০৩.০০.০০.০৫৮.২০০৯-৪৮৫**—যেহেতু, জনাব মোঃ মনিরুজ্জামান, সহকারী প্রকৌশলী (প্রেষণে), অগ্রাধিকার ভিত্তিতে গ্রামীণ সড়ক ও হাট/বাজার অবকাঠামো উন্নয়ন প্রকল্প, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা, গাজীপুর জেলার নির্বাহী প্রকৌশলীর কার্যালয়ের সহকারী প্রকৌশলী হিসেবে কর্মরত থাকাকালীন আপনার বিরুদ্ধে কতিপয় অভিযোগে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ অনুযায়ী এ বিভাগের ২১-১০-২০০৯ তারিখের স্থাসবি/শাঃ উন্নয়ন-১/বিমা/৫৮/২০০৯/৬৮০ নম্বর স্মারকে বিভাগীয় মামলা রুজু করা হয়;

যেহেতু, উক্ত বিভাগীয় মামলায় জনাব মোঃ মনিরুজ্জামান এর দাখিলকৃত জবাব এবং ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য সন্তোষজনক না হওয়ায় বিভাগীয় মামলায় বর্ণিত অভিযোগসমূহ তদন্ত করার জন্য এলজিইডির ঘূর্ণিঝড় পুনর্বাসন প্রকল্পের প্রকল্প পরিচালক জনাব মোঃ আবুল কালামকে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তার দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে জনাব মোঃ মনিরুজ্জামান এর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদন ও যাবতীয় রেকর্ডপত্র পর্যালোচনায় জনাব মোঃ মনিরুজ্জামানকে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(বি) বিধি অনুসারে বার্ষিক বেতন বৃদ্ধি ২ (দুই) বছরের জন্য স্থগিত রাখার দণ্ড আরোপের সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, এক্ষণে, জনাব মোঃ মনিরুজ্জামান, সহকারী প্রকৌশলী (প্রেষণে), অগ্রাধিকার ভিত্তিতে গ্রামীণ সড়ক ও হাট/বাজার অবকাঠামো উন্নয়ন প্রকল্প, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা, (সাবেক সহকারী প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, এলজিইডি, জেলা গাজীপুর)-কে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(বি) বিধি অনুসারে বার্ষিক বেতন বৃদ্ধি ২ (দুই) বছরের জন্য স্থগিত রাখার দণ্ড আরোপ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু আলম মোঃ শহিদ খান**
সচিব।

**[ একই তারিখ ও একই স্মারকের স্থলাভিষিক্ত ]**

**পাস-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৩০ জুলাই ২০১২

**নং ৪৬.০৮৫.০১৮.০২.০০.০০৪.২০১১(অংশ-১)-৯৭৩**—পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ আইন, ১৯৯৬-এর ৬(১)(জ) ধারার প্রদত্ত ক্ষমতাবলে জনাব এ এম আনোয়ারুল কবির-কে বাংলাদেশ বার কাউন্সিল এর প্রতিনিধিত্বকারী হিসেবে চট্টগ্রাম ওয়াসা বোর্ডের সদস্য নিয়োগ করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শামস্ উদ্দিন আহমদ**
উপ-সচিব (পাস)।

---

**[ একই তারিখ ও একই স্মারকের স্থলাভিষিক্ত ]**

**পাস-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৩০ জুলাই ২০১২

**নং ৪৬.০৮৫.০১৮.০২.০০.০০৪.২০১১(অংশ-১)-৯৭৪**—পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ আইন, ১৯৯৬-এর ৬(১)(ঝ) ধারার প্রদত্ত ক্ষমতাবলে জনাব আসিফ সিরাজ-কে বাংলাদেশ ফেডারেল সাংবাদিক ইউনিয়ন এর প্রতিনিধিত্বকারী হিসেবে চট্টগ্রাম ওয়াসা বোর্ডের সদস্য নিয়োগ করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শামস্ উদ্দিন আহমদ**
উপ-সচিব (পাস)।

---

**[ একই তারিখ ও একই স্মারকের স্থলাভিষিক্ত ]**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৩০ জুলাই ২০১২

**নং ৪৬.০৮৫.০১৮.০২.০০.০০৪.২০১১(অংশ-১)-৯৭৫**—পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ আইন, ১৯৯৬-এর ৬(১)(ঞ) ধারার প্রদত্ত ক্ষমতাবলে ডাঃ নাসির উদ্দীন মাহমুদ-কে বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশন এর প্রতিনিধিত্বকারী হিসেবে চট্টগ্রাম ওয়াসা বোর্ডের সদস্য নিয়োগ করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শামস্ উদ্দিন আহমদ**
উপ-সচিব (পাস)।

**অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ**
**ব্যয় নিয়ন্ত্রণ ও অভ্যন্তরীণ নিরীক্ষা অনুবিভাগ**
**ব্যয় নিয়ন্ত্রণ অধিশাখা-২**

**বিজ্ঞপ্তি**

তারিখ, ১২ ডিসেম্বর ২০১২

**নং অম/অবি/ব্যনি-২/বৈঃমুঃআইন-১/২০০৪/২৬৪**—১৯৪৭ সালের বৈদেশিক মুদ্রা আইন (১৯৪৭ সালের ৭নং আইন ১৯৮৬ সালের ৩০শে জুন পর্যন্ত সংশোধিত)-এর ১৯ ধারার (২) উপ-ধারায় প্রদত্ত ক্ষমতাবলে সরকার নির্দেশ প্রদান করলেন যে, উক্ত উপ-ধারার অধীনে আদেশ জারির ক্ষমতা ৩১-১২-২০১৫ তারিখ পর্যন্ত বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রয়োগ করা হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ শামসুল আলম ভূঁইয়া**
উপ-সচিব।

**শিক্ষা মন্ত্রণালয়**

**শাখা ৬ (কলেজ-১)**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৯ পৌষ ১৪১৯ বঙ্গাব্দ/২ জানুয়ারি ২০১৩ খ্রিস্টাব্দ

**নং শাঃ ৬/১৩ বিবিধ-৩৬/২০০৭/০৪-শিক্ষা**—"সরকারি আযিযুল হক কলেজ, বগুড়া" নামটি শুদ্ধরূপে "সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া" হবে।

২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ নাসির উদ্দীন**
সিনিয়র সহকারী সচিব।